

পাল তুলে দিত মাত্র দাঁড়ি মাঝি নাই।
 তরুণী চলিত বেগে দেখিত সবাই।।
 বাতাস উজান হ'লে বাঁক ঘুরে গেলে।
 রামকান্ত দাঁড় বাহে বাসুদেব হালে।।
 কতক্ষণ দাঁড় বেয়ে বলে 'ওরে বাসো'।
 এ সময় আগা না'য় একবার এসো।।
 এতবলি রামকান্ত 'পাছা না'য়' গিয়া।
 হাল ধরে মনসুখে থাকিত বাসিয়া।।
 আগা না'য় বাসুদেব দাঁড়াইয়া আছে।
 দাঁড় পড়িতেছে নৌকা বেগে চলিতেছে।।
 মাধুর্য-প্ৰাচুর্য লীলা দেখিত সবায়।
 কেহ কেহ দেখে বাসুদেব দাঁড় বায়।।
 রামকান্ত ধেয়ে গিয়ে বলে 'ওরে বাসো'।।
 পরিশ্রম হ'য়েছে, ছায়ায় এসে বসো'।।
 বাসুকে করিয়া কোলে বলে মনোদুঃখে।
 'ঘামিয়াছে চাঁদমুখ হাসি নাই মুখে।।
 ওরে বাসো! তুমি দাঁড় বাহিও না আর।
 আমার বন্ধের নিধি বন্ধে রও আমার।।'
 এত বলি বাসুদেবে বসাইয়া বুকে।
 'ঘুম পড়' বলিয়া চুম্বিত চাঁদমুখে।।
 শিষ্যদের ঘাটে গিয়া ঘনাইত নাও।
 বলিত 'ওঠরে বাসো! শিষ্যবাড়ী যাও।।'
 কান্তলীলা মধুর শুনিত চমৎকার।
 ভণে শ্রীতারক খেলে জন্ম নাই আর।।



বাসুদেবের রথযাত্রা ও রামকান্তের মহাপ্রয়াণ

রামকান্ত বাসুদেবে গলাগলী ধরে।
 শয়ন করিত সুখে শয্যার উপরে।।
 এইভাবে প্রবীণ হইল রামকান্ত।
 বর্ণনে অতীত লীলা নাই তার অন্ত।।

এদিকে ব্রাহ্মণগণ রথযাত্রা করে।
 কান্তের হইল মন রথ করিবারে।।
 বাঁশ দিয়া রামকান্ত রথ বানাইল।
 বংশরথে বাসুদেব উঠিতে ইচ্ছিল।।
 অধিবাস দিনে সব লোক আসে যায়।
 লোকের সংসদ হ'ল লোকারণ্যময়।।
 ব্রাহ্মণেরা সবে মিলে করে পরামিশে।
 'রথযাত্রা না হইতে এত লোক আসে।।
 আমাদের রথে কাল মানুষ হবে না।
 বৈরাগীর রথে কল্য লোক ধরিবে না।।
 ভাল বলি বাসুদেবে দিলাম ফিরা'য়ে।
 এত আশ্পর্কী তার 'বাদহাটা' মিলা'য়ে।।
 কল্যপ্রাতে সবে মিলে গিয়ে তার বাড়ী।
 আরবার বাসুদেবে ল'য়ে এস কাড়ি'।।
 প্রভাতে সকল দ্বিজ ক্রোধ ভরে যায়।
 জোর করে বাসুদেবে আনিল আলয়।।
 রামকান্ত বলে 'মম কি দোষ পাইলে?
 পরাণ পুতুলি বাসু কেড়ে নিয়ে গেলে?
 রথে উঠাইয়া দেখিতাম বাসুরাজে।
 দেখিতাম বাসুদেব কি রকম সাজে?
 বাসুরে লইয়া গেলে আর লক্ষ্য নাই।
 ল'য়ে গেলে বাসুরে জগার কাছে যাই।।
 অবশ্য যাইব আমি জগার নিকটে।
 দেখি সে বাসুর মতো উঠে কিনা উঠে?
 যাত্রা করে রামকান্ত ক্ষেত্রে যাইবারে।
 পথে করে দৈববাণী হইল তাহারে।।
 "ফিরে যাও রামকান্ত যাও নিজালয়।
 অবশ্য যাইব রথে মোরা দু'জনায়।।
 আমি যাব আর তব বাসুদেব যাবে।
 দু'জনার রথযাত্রা দেখিবারে পাবে।।"
 শুনে শান্ত রামকান্ত এল আখড়ায়।
 প্রেমে পুলকিত চিত্ত নাচিয়া বেড়ায়।।